জীবননগরে জাতীয় শোক দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

জীবনননগরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার বেলা সাড়ে ১২টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২৩ পালন উপলক্ষ্যে প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান, পৌর মেয়র রফিকুল ইসলাম, জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) জাবিদ হাসান প্রমুখ।

দামুড়হুদায় পবিত্র ঈদুল আযহা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

আসন্ন পবিত্র ঈদুল আযহা সুষ্ঠুভাবে উৎযাপন উপলক্ষে দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার বিকাল ৩ টার সময় উপজেলা পরিষদের সভাকক্ষে পবিত্র ঈদুল আজহা’র প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

প্রস্তুতিমূলক সভায় যথাযথ মর্যাদায় উপজেলায় পবিত্র ঈদুল আযহা উৎযাপন উপলক্ষে ঈদের জামায়াতে সময়সূচি, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে নিরাপত্তা ব্যবস্থা জোরদার, যত্রতত্র গরু জবাই যাতে না করা হয় সেদিকে লক্ষ্য রাখার বিষয়ে এবং ঈদগাহে কোন ইমাম ঈদের নামাজ পড়াবে তা আগে থেকেই নির্ধারণ সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, উপজেলা ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন আলী, উপজেলা মডেল মসজিদের পেশ ঈমান হাফেজ মাও মো: মামুনুর রশীদ।

এসময় আরও উপস্থিত ছিলেন বীরমুক্তিযোদ্ধা সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, উপজেলার বিভিন্ন মসজিদের ইমামগণ এবং বিভিন্ন ঈদগাহ কমিটির সভাপতি সাধারণ সম্পাদক বৃন্দ।

জীবননগরে ৭মার্চ ও ১৭মার্চ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

জীবননগরে ঐতিহাসিক ৭মার্চ ও ১৭মার্চ জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিসদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, উপজেলার সহকারী কমিশনার ভ’মি তিথি মিত্র, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবুসহ বীরমুক্তিযোদ্ধা, সামাজিক সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগন উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

দামুড়হুদায় ঐতিহাসিক ৭ মার্চ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা সাড়ে ১১টার সময় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সম্মেলন কক্ষে এ প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান শহিদুল ইসলাম, উপজেলা সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস, উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, সমাজসেবা অফিসার তোফাজ্জল হক, দামুড়হুদা মডেল থানার ওসি অপারেশন সাইফুল আলম।

এসময় বক্তব্য রাখেন বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দিন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন।

এসময় আরও উপস্থিত ছিলেন সমবায় অফিসার হারুন অর রসিদ, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, হাউলী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন। দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, দামুড়হুদা উপজেলা সিআইজি কৃষক সংগঠনের সভাপতি সামসুল ইসলামসহ উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।